
unicef
সকল শিশুর জন্য

# শিশুদের জলবায়ু ঘোষণা

**শিশুদের জলবায়ু সম্মেলন**
**বাংলাদেশ, ২০ নভেম্বর ২০২৩**



জলবায়ু সংকট সম্ভবত আমাদের সময়ের সবচেয়ে জটিল সমস্যা। বাংলাদেশের শিশুরা এই সংকটের জন্য কোনোভাবেই দায়ী নয়; কিন্তু ভুক্তভোগীদের তালিকায় আমাদের অবস্থান প্রথম দিকে। আমাদের ভবিষ্যতের জন্য, যে পৃথিবীতে আমরা বাস করছি তার জন্য, আমাদের বেঁচে থাকার জন্য, আজকের ও আগামীর শিশুদের জন্য এটি একটি চলমান যুদ্ধ।

আমাদের দেশ জলবায়ু পরিবর্তনের অগ্রভাগে রয়েছে। সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি, নদী

ভাঙন, অতিবৃষ্টি, তাপ প্রবাহ, ভূমিধস, বন উজাড়, পরিবেশ দূষণ এবং চরম আবহাওয়া আমাদের বেঁচে থাকা, নিরাপত্তা, মানসিক স্বাস্থ্য এবং সামগ্রিক সুস্থতার জন্য বড় এক হুমকি স্বরূপ। জলবায়ু সংকটের প্রভাবে বাড়ছে শিশুশ্রম ও বাল্যবিবাহ। এসব বিষয়ে আমরা যদি এখনই কোনও ব্যবস্থা না নেই, তবে এখান থেকে ফিরে আসার আর কোনও সুযোগ আর থাকবে না। এর চরম মূল্য দিতে হবে দরিদ্র, ঝুঁকিতে থাকা এবং প্রতিবন্ধী শিশুদের।

আমরা বাংলাদেশের সবগুলো, অর্থাৎ ৩০০ আসনের শিশুদের প্রতিনিধিত্ব করি, এবং আমাদের দেশের ৬ কোটি ১০ লক্ষ শিশুর অধিকারের পক্ষে কথা বলি।

**আমরা, শিশুরা, আন্তঃপ্রজন্ম সংহতির এবং আমাদের সরকারের পক্ষ থেকে কার্যকরী পদক্ষেপ গ্রহণের আহবান জানাচ্ছি:**

- **জলবায়ু পরিবর্তনের প্রভাব থেকে শিশুদের সুরক্ষা দিন।** জলবায়ু পরিবর্তনের ফলে ক্ষতিগ্রস্ত শিশুদের জন্য স্বাস্থ্যসেবা, শিক্ষা, নিরাপদ পানি এবং উপযুক্ত পয়ঃনিষ্কাশন ব্যবস্থা নিশ্চিত করতে সঠিক পরিকল্পনা প্রস্তুত করুন। সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি, বন্যা ও ঝড়সহ যেকোন দুর্যোগ-সহনশীল ও জলবায়ুবান্ধব স্কুল আমাদের প্রয়োজন।

- **দূষণ এবং গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করুন এবং বন উজাড় বন্ধে পদক্ষেপ নিন।** আমাদের বেঁচে থাকা ও সুস্থ থাকার জন্য স্বাস্থ্যকর বাতাস, নিরাপদ পানি ও পুষ্টিকর খাবার নিশ্চিতকরণের পাশাপাশি আমাদের ইকোসিস্টেম বা বাস্তুতন্ত্রের ভারসাম্য বজায় রাখার জন্য বর্জ্য ব্যবস্থাপনা, এর পুনর্ব্যবহার নিশ্চিতকরণ এবং প্লাস্টিকসহ অন্যান্য ক্ষতিকর বর্জ্যের ব্যবহার কমানোর ক্ষেত্রে পর্যাপ্ত বিনিয়োগ করুন। বন উজাড় বন্ধ এবং সবুজ বৃক্ষরোপণ বৃদ্ধি করতে কঠোর আইন প্রয়োগ করুন।

- **পরিবেশ সম্পর্কিত শিক্ষা এবং 'গ্রিন স্কিলিং' বা সবুজ দক্ষতা নিশ্চিত করুন।** জলবায়ু পরিবর্তন সম্পর্কে সকল শিশু, বিশেষ করে সবচেয়ে প্রান্তিক শিশুদের, সচেতন করুন। পরিবেশবান্ধব উপায়ে কীভাবে বাঁচতে হবে এবং জলবায়ু পরিবর্তন এর প্রভাব হ্রাস করতে আমরা কী করতে পারি, সেসব বিষয়ে প্রত্যেক স্তরের প্রত্যেকটি শিশুদের শিক্ষা দিন। খুব ছোটবেলা থেকেই জলবায়ু পরিবর্তন সম্পর্কে শেখানোর জন্য আমাদের শিক্ষকদের প্রশিক্ষণ দিন। জলবায়ু পরিবর্তন সংক্রান্ত গবেষণায় আরও তহবিল বরাদ্দ করুন।

- **সবুজ অর্থনীতি, সবুজ অবকাঠামো এবং সবুজ কর্মসংস্থানে বিনিয়োগ করুন।** নবায়নযোগ্য শক্তি ও সবুজ অর্থনীতির উপর জোর দিন; বিনিয়োগ করুন সবুজ শহর ও পরিবেশ-বান্ধব পর্যটন ব্যবস্থা নির্মান ও প্রচারণায়। আমাদের জন্য প্ল্যাটফর্ম তৈরি করে দিন যেখানে আমরা জলবায়ু পরিবর্তন সম্পর্কে আলোচনা ও রিপোর্ট করতে পারব।

- **সমস্যা সমাধানে শিশুদের অংশ নিতে দিন। আমাদের কথা শুনুন।** আমরা শিশু এবং আমাদের অধিকার ও মতামত আছে। আমাদের উদ্বেগের কথা শুনুন। আমাদের ভবিষ্যতকে প্রভাবিত করে এমন নীতি ও সিদ্ধান্তের বিষয়ে অবশ্যই শিশুদের পরামর্শ নেওয়া প্রয়োজন। অবাধে এবং নিরাপদে তথ্য খুঁজে পেতে এবং শেয়ার করতে আমাদের উন্নত প্রযুক্তিরও প্রয়োজন। আমাদের স্থানীয় এবং আন্তর্জাতিক পর্যায়ের বিভিন্ন জলবায়ু পরিবর্তন সংক্রান্ত কার্যক্রমে অংশগ্রহনের সুযোগ করে দিন।

আমরা, শিশুরা, আন্তঃপ্রজন্ম সংহতি ও বাংলাদেশ সরকারের কাছ থেকে অনুকরণীয় নেতৃত্বের আহবান জানাচ্ছি। নষ্ট করার মতো কোন সময় আমাদের আর নেই। আমাদের ভবিষ্যৎ অনেক কিছুর সাথে জড়িয়ে; আমাদের সবার জন্য রয়েছে একটি মাত্র পৃথিবী। একটি উন্নত, নিরাপদ, এবং সবুজ বাংলাদেশের জন্য আমরা পুনরায় একসাথে নতুন পরিকল্পনা করতে পারি।

**আমরা, শিশুরা, জরুরি ভিত্তিতে এবং সাহসের সাথে কাজ করতে প্রস্তুত। আপনারাও আমাদের সাথে যোগ দিন।**

| | | | |
|---|---|---|---|
| মো. মেহেদী হাসান বুলবুল<br>MD. Meledi Hasan Bulbul | মো: আলমগীর হোসেন<br>Md! Alamgir Hosen | ফাইয়াজ খান আনাম<br>Fiyaj Khan Anam | ফাহমিদা ইয়াসমিন জুঁই<br>Fahmida Yeasmin Jui |
| মুনাইম | Ela | Farzana Faruk | ফারাবি জাবিন সায়েরি<br>Farabi Jabin Shairy |
| কে, এম, ইফতেশাম ইসলাম<br>K.M. Iftesham Islam | কে, এম, ইফতেশাম ইসলাম<br>K.M. Iftesham Islam | Hridika Chakma<br>হ্রিদিকা চাকমা | করিমা ফেরদৌসী কেকা<br>Karima Ferdousi Keka |
| মুনতাসির তাসরিপ<br>Muntasir Tasrip | মো. মুশফিকুজ্জামান<br>MD. Mushfiquzzaman. | দিঘোল চাকমা<br>Dighol Chakma | আফ্রিদা জাহিন<br>Afrida Jahin |
| নুসরাত ইসলাম তৃষা<br>Nusrat Islam Trisha | জান্নাতুল ফিরদাউস মীম<br>Jannatul Firdaus Mim | মো: সিয়ামুল ইসলাম<br>MD. Siyamul Islam | Sheikh Mashrur Parvez Rafi |
| নাম : সাদিয়া রহমান অনু | TASHFIA TARANNUM TIFA<br>তাশফিয়া তারান্নুম তিফা | Kaba Kaushin Arisha | নাম : রিকাইল আলম প্রিয় |
| Naier Hoque<br>Naier | ফারিহা তাসনিম গুনগুন | আনিকা আকরাম অর্পি<br>Orpi | মাসুদুল আরিফ |
| Omar Faruque | Hrithik | Kona | |